

## সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ভবন নির্মাণে সাব কন্ট্রাক্টর নিয়োগে দরপত্র জমাদানের সময় বর্ধিত করন।**

বুরো বাংলাদেশ এর নোয়াখালি মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের স্টীল ফ্রেম দ্বারা কলাম, বীম ও স্টীলের পাইপ এবং সি আই শীট দ্বারা সাটারিং এর মাধ্যমে ভবনের কাঠামো, ছাদ ও এতদসংক্রান্ত অন্যান্য কাজ করার জন্য অভিজ্ঞ নির্মাণ প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। আগামি ১২/০৮/২০১৮ তারিখ হতে ০৬/০৯/২০১৮ তারিখ পর্যন্ত সংস্থার প্রশাসন বিভাগ হতে দরপত্র সংগ্রহ করা যাবে। ১০/০৯/২০১৮ তারিখ সকাল ১১.০০মিঃ ঘটিকায় দরপত্র সংগ্রহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে স্থাপত্য প্রকৌশলী ভবনের ডিজাইনের উপর ব্রিফিং করবেন। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ১৩/০৯/২০১৮ দুপুর ১২ঃ০০ ঘটিকা, অনিবার্য কারণে জমা দেয়ার শেষ তারিখ ১৭/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল। বুরো বাংলাদেশ, প্রধান কার্যালয়, বাড়ি নং-১২/এ, রোড নং-১০৪, ব্লক নং- সি ইএন (এফ), গুলশান-২, ঢাকা-১২১২, এর পঞ্চম তলায় প্রশাসন বিভাগে রক্ষিত বাক্সে দরপত্র জমা করা যাবে। একই দিন দুপুর ১২.৩০ মিঃ এর সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) তা খোলা হবে।

**দরপত্র প্রদানে নিম্নে উল্লেখিত শর্তাবলী পালন করতে হবে :**

- (০১) ঠিকাদার কর্তৃক প্রয়োজনীয় শ্রমিক ও নির্মাণ সংশ্লিষ্ট স্টীল ফ্রেমের সাটারিং ও প্রয়োজনীয় উপকরণ দ্বারা কাজ সম্পন্ন করতে হবে। সংস্থা কর্তৃক কেবলমাত্র রড, সিমেন্ট, পাথর, ইট, বালি, সরবরাহ করা হবে।
- (০২) অত্র সংস্থা কর্তৃক প্রদত্ত দরপত্রে নির্ধারিত কলামে দর উল্লেখ করতে হবে।
- (০৩) প্রধান কার্যালয় প্রশাসন বিভাগে রক্ষিত দরপত্র বাক্সে মুখ বন্ধ খামে দরপত্র জমা দিতে হবে।
- (০৪) দরপত্রের সাথে প্রতিষ্ঠানের বৈধ লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ট্যাক্স সার্টিফিকেট, ব্যাংক সামর্থ্য সার্টিফিকেট ও পূর্ব কাজের অভিজ্ঞতার সনদ সহ গ্রাহক তালিকার ফটোকপি জমা দিতে হবে।
- (০৫) নির্মাণকাজে ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও সংখ্যা দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (০৬) দরদাতা নির্বাচিত হলে কার্যাদেশের সময় প্রতিষ্ঠানের সঙ্গে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে। এবং একই সাথে কাজ চলাকালীন পর্যন্ত মোট মূল্যের ৫% জামানত হিসাবে পে-অর্ডার জমা দিতে হবে।
- (০৭) সংস্থা যেকোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- (০৮) বিলের সময় সরকারের বিদ্যমান বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- (০৯) দরপত্র সংগ্রহের সময় ভবনের আর্কিটেকচারাল, ষ্ট্রাকচারাল নক্সা ও থ্রি ডি ভিউ বুঝে নিতে হবে এবং দরপত্র জমা দেওয়ার সময় জমাদানকারী প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর সহ উক্ত নক্সা দরপত্রের সাথে আলাদা খামে জমা দিতে হবে।
- (১০) ডিজাইনে উল্লেখিত বিষয়সহ দরপত্রের সাথে সংযুক্ত কাজের বিবরণী ও শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক দরপত্র দাখিল করতে হবে।
- (১১) দরপত্র দাখিলের পূর্বে নিজ দায়িতে প্রকল্পের সাইট পরিদর্শন করতে হবে।

ধন্যবাদান্তে



সহকারী সমন্বয়কারী  
প্রশাসন বিভাগ।

অনুলিপিঃ

- (০১) বুরো বাংলাদেশ website: [www.burobd.org](http://www.burobd.org)
- (০২) জেলা প্রশাসনের নোটিশ বোর্ড নোয়াখালি।
- (০৩) নোটিশ বোর্ড নোয়াখালি অঞ্চল।
- (০৪) নোটিশ বোর্ড, গনপূর্ত বিভাগ, নোয়াখালি।
- (০৫) নোটিশ বোর্ড, সিটি কর্পোরেশন, নোয়াখালি।

**Head Office**